



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২০০৮



২ অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশাসন/ময়মনসিংহ-৩০৬/ ১০৬৪/৮

তারিখঃ ০৮.০৮.২০১৮খ্রিঃ

বিষয়ঃ কারণ দর্শানো নোটিশ প্রসঙ্গে।

- সূত্রঃ ১) নং-বামাশিবো/প্রশাসন/এম-৩০৬/৩০২৬/৬; তারিখঃ ২৮.০৬.২০১৮খ্রিঃ
২) নং-বামাশিবো/প্রশাসন/এম-৩০৬/২৮৮০/৬; তারিখঃ ১২.০৮.২০১৮খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, ময়মনসিংহ জেলার গৌরীপুর উপজেলাধীন চুড়ালী ইসহাক উদ্দিন দাখিল মাদ্রাসার সুপার (সাময়িক বরখাস্ত) জনাব মোঃ নুরুল ইসলাম এর চূড়ান্ত বরখাস্ত বোর্ড কর্তৃক অনুমোদন দেয়া হয়নি বিধায় তাঁর জীবন ধারণ ভাতা (বকেয়াসহ) পরিশোধের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ম্যানেজিং কমিটির সভাপতি ও ভারপ্রাপ্ত সুপারকে সূত্রে উল্লিখিত ২নং স্মারকে পত্র দেয়া হয়। তদুপরি বোর্ডের উক্ত আদেশ বাস্তবায়নে ম্যানেজিং কমিটি কর্তৃক অস্বীকৃতি জানিয়েছেন মর্মে সুপার (সাময়িক বরখাস্ত) জনাব মোঃ নুরুল ইসলাম পুনরায় বোর্ডে আবেদন দাখিল করেন।

বোর্ড কর্তৃক জারিকৃত সূত্রোক্ত ২নং স্মারকের আদেশ অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ম্যানেজিং কমিটির সভাপতি ও ভারপ্রাপ্ত সুপারকে সূত্রে উল্লিখিত ১নং স্মারকে পত্র দেয়া হয় এবং অন্যথায় ভারপ্রাপ্ত সুপার ও ম্যানেজিং কমিটির বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মেও উল্লেখ করা হয়। পরবর্তীতে বোর্ডের আদেশ অমান্য করা ও বাস্তবায়ন না করায় ম্যানেজিং কমিটি ও ভারপ্রাপ্ত সুপারের বিরুদ্ধে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সুপার (সাময়িক বরখাস্ত) জনাব মোঃ নুরুল ইসলাম পুনরায় আবেদন করেছেন।

বর্ণিত অবস্থায় বোর্ড কর্তৃক প্রদত্ত আদেশ অমান্য করায় বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্নিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান-৩৮(১) এর ক্ষমতাবলে অত্র দপ্তর হতে নং-বামাশিবো/প্রশা/২৫১৬/৪/নথি নং- ময়মনসিংহ-৩০৬; তারিখঃ ০৬/০৬/২০১৭খ্রিঃ স্মারকে অনুমোদিত ম্যানেজিং কমিটি কেন ভেঙ্গে দেয়া হবে না এবং ভারপ্রাপ্ত সুপারের এমপিও বাতিলসহ কেন তার বিরুদ্ধে বিধি মোতাবেক বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে না তার সন্তোষজনক জবাব আগামী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য ম্যানেজিং কমিটিকে সভাপতি ও ভারপ্রাপ্ত সুপারকে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে


০৭.০৮.১৮

প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

- প্রাপকঃ ১) সভাপতি ও সদস্যবৃন্দ- ম্যানেজিং কমিটি, চুড়ালী ইসহাক উদ্দিন দাখিল মাদ্রাসা, গৌরীপুর, ময়মনসিংহ।
২) ভারপ্রাপ্ত সুপার, চুড়ালী ইসহাক উদ্দিন দাখিল মাদ্রাসা, গৌরীপুর, ময়মনসিংহ।

নং-বামাশিবো/প্রশাসন/ময়মনসিংহ-৩০৬/

তারিখঃ ০৮.২০১৮খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. উপজেলা নির্বাহী অফিসার, গৌরীপুর, ময়মনসিংহ।
২. জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, গৌরীপুর, ময়মনসিংহ।
৪. জনাব মোঃ নুরুল ইসলাম, সুপার (সাময়িক বরখাস্ত), চুড়ালী ইসহাক উদ্দিন দাখিল মাদ্রাসা, গৌরীপুর, ময়মনসিংহ।
৫. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
৬. অফিস কপি।


মোঃ মজিবুর রহমান

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬৭৪৮৪